

## প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা, নারায়ণগঞ্জ, পাবনা, বগুড়া, বাগেরহাট ও লালমনিরহাট ৮টি কারখানাকে ২০ লক্ষ ৫১ হাজার ৫০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ১৭/১১/২০১৯ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী কর্তৃক ঢাকা, নারায়ণগঞ্জ, বগুড়া, বাগেরহাট, পাবনা ও লালমনিরহাটের ৮টি কারখানা/প্রতিষ্ঠানকে ২০ লক্ষ ৫১ হাজার ৫০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে।

কারখানাসমূহের মধ্যে- পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধনের অপরাধে (১) মজুমদার প্রোডাক্টস লিঃ, ছোকনা, শেরপুর, বগুড়া-কে ৯ লক্ষ ৬৮ হাজার ৮ শত টাকা; (২) হাইপয়েড কম্পোজিট নীট লিঃ, দক্ষিণ কৃষ্ণপুর, সাভার, ঢাকা-কে ৫ লক্ষ টাকা; (৩) এম বি এম গার্মেন্টস লিঃ, মিরপুর-১৪, ঢাকা-কে ৬২ হাজার ৮ শত টাকা; (৪) মাওয়া প্রসেস মিল, কাঁচুরী, সুজানগর, পাবনা-কে ২০ হাজার টাকা; (৫) মেসার্স পাওয়ার প্যাক ইন্ডাস্ট্রি ও (৬) মেসার্স পাওয়ার প্যাক ইন্ডাস্ট্রি (বিডি) লিঃ, বিসিক বাগেরহাট-কে ১ লক্ষ টাকা; (৭) মেসার্স মদিনা ডাইং এন্ড প্রিন্টিং মিলস লিঃ, দাপা ইদ্রাকপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ-কে ৪ লক্ষ ৫০ হাজার টাকা এবং মেসার্স সিটি ব্রিকস, সাপটানা রোড, লালমনিরহাট-কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করেন।

তারিখ : ১৭/১১/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সালমান চৌধুরী শাওন)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

মোবাইল-০১৭১২১৭৮৮৮২